

২০২৪

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গীতিকাব্য কাকে বলে? একটি উদাহরণের সাহায্যে গীতিকবিতার লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+৭
অথবা,
(খ) সামাজিক নাটকের সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি কী কী? একটি সার্থক বাংলা সামাজিক নাটকের পরিচয় দাও। ২+৪+৪
- ২। (ক) মনস্তাত্ত্বিক উপন্যাসের লক্ষণগুলি লেখো। উদাহরণ সহযোগে এর পরিচয় দাও। ৫+৫
অথবা,
(খ) উদাহরণ সহযোগে বাংলা উপন্যাস ও ছোটগল্পের একটি তুলনামূলক আলোচনা করো। ১০
- ৩। (ক) প্রবন্ধ কাকে বলে? এর বিভাগগুলি কী কী? উদাহরণসহ যে-কোনো একটি বিভাগের পরিচয় দাও। ২+২+৬
অথবা,
(খ) পত্রসাহিত্যের বৈশিষ্ট্যগুলি কী কী? একটি পত্র কখন সাহিত্য হয়ে ওঠে দৃষ্টান্তসহ আলোচনা করো। ৩+৭
- ৪। (ক) সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্য নিরূপণ করো। ৫
অথবা,
(খ) কমেডি কী? এর বৈশিষ্ট্যগুলি লেখো। ২+৩
- ৫। (ক) অনুগল্প কাকে বলে? একটি উদাহরণের সাহায্যে এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ১+৪
অথবা,
(খ) রোমান্সধর্মী উপন্যাস বলতে কী বোঝো? একটি উদাহরণ দাও। ৪+১

Please Turn Over

(0743)

- ৬। (ক) সমালোচনা সাহিত্য কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি লেখো। ১+৪
- অথবা,
- (খ) জীবনী ও আত্মজীবনী-এর পার্থক্যগুলি নির্দেশ করো। ৫
- ৭। টীকা লেখো (যে-কোনো একটি) : ৫×১
- (ক) লিমেরিক
- (খ) নকশাধর্মী উপন্যাস
- (গ) ভ্রমণ সাহিত্য।
- ৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫
- (ক) সনেট-এর আরেকটি নাম উল্লেখ করো।
- (খ) 'জাগরী' কী জাতীয় উপন্যাস?
- (গ) একটি বাংলা প্রহসনের উদাহরণ দাও।
- (ঘ) একটি বাংলা ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।
- (ঙ) একটি বাংলা ট্রাজেডি নাটকের উদাহরণ দাও।
- (চ) 'শেষের কবিতা' কী জাতীয় গ্রন্থ?
- (ছ) 'চাচাকাহিনী' কী ধরনের রচনা?
- (জ) 'ডায়েরি'-এর একটি শর্ত উল্লেখ করো।
- (ঝ) 'মহাভারত' কী জাতীয় কাব্য?
- (ঞ) 'রুবাই' কোন দেশীয় কবিতা?
- (ট) বাংলা ভাষায় লেখা প্রথম সার্থক উপন্যাস কোনটি?
- (ঠ) একটি বাংলা সমালোচনা সাহিত্যের উদাহরণ দাও।
- (ড) একটি তন্ময় প্রবন্ধের উদাহরণ দাও।
- (ঢ) 'কালান্তর' কার লেখা?
- (ণ) একটি বাংলা একাক্ষ নাটকের নাম লেখো।